# Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabusdue to COVID-19, 2020

**Class: 6** **Subject: English**

| Serial | Unit and Title of the Lesson | Assigned Tasks/Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| **2nd Assigned Task** | **Lesson 7:** Holding hands<br><br>**Lesson 8:** Grocery shopping | **HW:**<br>Justify the title of the poem "Holding Hands". (Write at least five sentences.)<br><br>**Assignment:**<br>Have you ever visited any grocery shop? Why did you go there and who with? What did you see there? If you are yet to visit such a shop, what are the reasons behind? In that case narrate any of your shopping experience in 300 words. | Teacher will check students' ideas of content, language, organization of writing, Spelling, grammar, punctuation |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | নির্দিষ্টকৃত কাজ: এ্যাসাইনমেন্ট/সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন/সৃজনশীল প্রশ্ন/অন্যান্য কর্মপত্র | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-১** | **১ম অধ্যায়:**<br>১. স্বাভাবিক সংখ্যার অংকপাতন<br>২. দেশীয় ও আন্তর্জাতিক রীতিতে অংকপাতন<br>৩. মৌলিক সংখ্যা, যৌগিক সংখ্যা ও সহমৌলিক সংখ্যা চিহ্নিতকরণ<br>৪. সাধারণ ভগ্নাংশ ও দশমিক ভগ্নাংশের সরলীকরণ<br>৫. ল.সা.গু ও গ.সা.গু নির্ণয়<br><br>**২য় অধ্যায়:**<br>১. অনুপাতের ধারণা<br>২. বিভিন্ন প্রকার অনুপাত (সরল অনুপাত, ব্যস্ত অনুপাত, মিশ্র অনুপাত)<br>৩. অনুপাত ও শতকরা হিসাব<br>৪. অনুপাতকে শতকরায় এবং শতকরাকে অনুপাতে প্রকাশ | **প্রশ্ন: ০১**<br>১২, ১৫, ২০, ৩৫ চারটি সংখ্যা<br>ক) সংখ্যাগুলোর ল,সা,গু নির্ণয় কর।<br>খ) পাঁচ অংকের কোন ক্ষুদ্রতম সংখ্যা উপরের সংখ্যাগুলো দ্বারা নিঃশেষে বিভাজ্য?<br>গ) চার অংকের কোন বৃহত্তম সংখ্যাকে উপরের সংখ্যাগুলো দিয়ে ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ ১০ হবে?<br><br>**প্রশ্ন: ০২**<br>৩৫ মিটার লম্বা একটি বাঁশের $৭\frac{১}{২}$ মিটার কালো, $৫\frac{৪}{২৫}$ মিটার লাল এবং $৮\frac{৩}{১০}$ মিটার হলুদ রং করা হলো।<br>ক) সরল কর: $৭\frac{১}{২} - \frac{৪}{৭}$ এর $\frac{৭}{৮}$<br>খ) বাঁশটির কত অংশ রং করা হয়েছে।<br>গ) বাঁশটির কত অংশ রং করা বাকি রইল।<br><br>**প্রশ্ন: ০৩**<br>দুইটি কম্পিউটারের দামের অনুপাত ৩:২। প্রথমটির দাম ৫৫০০০ টাকা হলে,<br>ক) উদ্দীপকের অনুপাতটিকে ব্যাস্ত অনুপাতে রুপান্তর কর।<br>খ) দ্বিতীয় কম্পিউটারটির দাম কত?<br>গ) দ্বিতীয় কম্পিউটারের দাম ২০০০ টাকা বেশি হলে, কম্পিউটার দুইটির দামের অনুপাত কত? | ১.ভাজ্য এর সাথে ভাগফল ও ভাগশেষ এর সম্পর্ক নির্ণয় করে সমস্যার সমাধান করতে পারা।<br><br>২. সাধারণ ভগ্নাংশ ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারা।<br><br>৩. অনুপাতের ধারণা ব্যাখ্যা করতে পারা। |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট /নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: কৃষি শিক্ষা**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্টের ক্রম</th><th>অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম</th><th>এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ</th><th>মূল্যায়ন নির্দেশক</th></tr>
<tr>
<td>নির্ধারিত কাজ-১</td>
<td>১ম অধ্যায়:<br>আমাদের জীবনে কৃষি<br>● পাঠ-১ কৃষির পরিধি ও পরিসর<br>● পাঠ-২ ফসল, মৎস্য, পশু পাখি ও বনায়ন<br>২য় অধ্যায়:<br>কৃষি প্রযুক্তি ও যন্ত্রপাতি<br>● পাঠ-৪ হস্ত চালিত উন্নত যন্ত্রপাতির ব্যবহার<br>● পাঠ-৫ শক্তি চালিত কৃষি যন্ত্রপাতির ব্যবহার<br>● পাঠ-৯ যান্ত্রিক উৎপাদনে স্থানীয় কৃষি যন্ত্রপাতি ও ব্যবহার</td>
<td>সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন:<br>ক) কৃষি বিষয়ক তথ্য পেতে কোন উৎসের বিকল্প নেই, কেন?<br>খ) বনায়ন কাকে বলে?<br>গ) নিচের ছকে ৫টি করে মাঠ ফসল ও উদ্যান ফসল এর নাম লিখ :
<table>
<tr><th></th><th>ফসলের নাম</th></tr>
<tr><td>উদ্যান ফসল</td><td></td></tr>
<tr><td>মাঠ ফসল</td><td></td></tr>
</table>
ঘ) নিচের কৃষি কাজগুলো করতে যে সকল যন্ত্রপাতি ব্যবহার করা হয় তা ছকে উল্লেখ কর :
<table>
<tr><th>কাজের ধরন</th><th>যন্ত্রপাতি</th></tr>
<tr><td>জমি চাষ</td><td></td></tr>
<tr><td>বীজ বপন</td><td></td></tr>
<tr><td>ঔষধ ছিটানো</td><td></td></tr>
<tr><td>ফসলের মাঠে সেচ</td><td></td></tr>
</table></td>
<td>১) ক)<br>● বিষয়বস্তুর ধারণা<br>● বিষয়বস্তুর ধরণা সম্পর্কে পাঠ্যপুস্তকের আলোকে সঠিক ব্যাখ্যা প্রদান<br>খ)<br>● বিষয়বস্তুর ধারণা/সংজ্ঞা<br>● বিষয়বস্তুর ধারণার ব্যাখ্যা<br>গ)<br>● সঠিক তথ্য সহকারে ছক পূরণ<br>ঘ)<br>● কাজের ধরন অনুযায়ী সঠিক তথ্য সহকারে ছক পূরণ</td>
</tr>
</table>

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট /নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্টের ক্রম</th><th>অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম</th><th>এ্যাসাইমেন্ট/নির্ধারিত কাজ</th><th>মূল্যায়ন নির্দেশনা</th></tr>
<tr>
<td>নির্ধারিত কাজ-১</td>
<td>প্রথম অধ্যায়:<br>গৃহ ও গৃহ পরিবেশের প্রাথমিক ধারণা<br><br>তৃতীয় অধ্যায়:<br>গৃহ ব্যবস্থাপনা<br><br>অষ্টম অধ্যায়:<br>খাদ্য, পুষ্টি ও স্বাস্থ্য</td>
<td>সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন:<br>১। গৃহ কী? গৃহ না থাকলে তোমরা কী কী সমস্যার সন্মুখীন হবে?<br>২। গৃহের পরিবেশ রক্ষায় ও সৌন্দর্য বর্ধনে তুমি কীভাবে ভূমিকা রাখবে?<br>৩। সৃজনশীল প্রশ্ন: করিম সাহেব মেয়ের বিয়ের অনুষ্ঠান কীভাবে সম্পন্ন করবেন সেটা চিন্তা করে সবাইকে কাজ বুঝিয়ে দিলেন। কিন্তু কে কীভাবে কাজ করছে তার কোনো খোঁজ নিলেন না। ফলে কাজের তেমন অগ্রগতিই হলো না। তখন তাঁর বড় ভাই বিষয়টি বুঝে সবার সাথে আলোচনা করে অনুষ্ঠানটি কীভাবে খুব ভালোভাবে শেষ করা যায় সে বিষয়ে সবাইকে বুঝিয়ে খোঁজ খবর নিয়ে অনুষ্ঠান শেষ করলেন।<br>গ) করিম সাহেব তাঁর মেয়ের বিয়েতে গৃহ ব্যবস্থাপনার কোন ধাপটি অনুসরণ করেননি- ব্যাখ্যা কর।<br>ঘ) করিম সাহেবের ভাই যে সিদ্ধান্ত নিয়েছিলেন সেটি কী ঠিক ছিল? যুক্তিসহকারে তোমার মতামত দাও।<br>৪। প্রতিবেদন তৈরি: তুমি এক সপ্তাহে প্রতিদিন সকাল, দুপুর ও রাতে যেসব খাবার গ্রহণ কর তা তোমার বয়স ও চাহিদা অনুযায়ী সঠিক কী না পাঠ্যপুস্তকের আলোকে মন্তব্য কর।</td>
<td>১।<br>• বিষয়বস্তুর ধারণা প্রদান<br>• কমপক্ষে ৫টি সমস্যা উল্লেখ<br>২।<br>• গৃহ পরিবেশ রক্ষায় ও সৌন্দর্যবর্ধনে ৫টি ভূমিকা উল্লেখ<br>• ব্যাখ্যা প্রদান<br>৩। ক)<br>• সঠিক ধারণা (ধাপ) প্রদান<br>• পাঠ্যপুস্তক ও উদ্দীপকের আলোকে ধারণার সঠিক ব্যাখ্যা প্রদান<br>খ)<br>• বিষয়বস্তুর সঠিক ধারণা প্রদান<br>• পাঠ্যপুস্তক ও উদ্দীপকের আলোকে ধারণার সঠিক ব্যাখ্যা প্রদান<br>• বিষয়বস্তুর ধারণার আলোকে সংশ্লেষণ/বিশ্লেষণ/মন্তব্য প্রদান<br>৪। নিম্নে প্রদত্ত ছকটি সঠিকভাবে পূরণ করে সঠিক মন্তব্য করতে হবে।
<table>
<tr><th>দিন</th><th>সকাল</th><th>বিকাল</th></tr>
<tr><td>১ম</td><td></td><td></td></tr>
<tr><td>২য়</td><td></td><td></td></tr>
<tr><td>৩য়</td><td></td><td></td></tr>
<tr><td>৪র্থ</td><td></td><td></td></tr>
<tr><td>৫ম</td><td></td><td></td></tr>
<tr><td>৬ষ্ঠ</td><td></td><td></td></tr>
<tr><td>৭ম</td><td></td><td></td></tr>
</table>
শিক্ষার্থীর মন্তব্য:<br>• ছকটি পূরণে সঠিকতা<br>• তথ্য প্রদানে সততা<br>• নির্ভুল তথ্য উপস্থাপন<br>• মন্তব্য প্রদানে যথার্থতা</td>
</tr>
</table>